# Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 08 May, 2025

ভারতের উত্তর ও পশ্চিম সীমান্তে পাকিস্তানের ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলার চেষ্টা ব্যর্থ করার দাবি জানিয়েছে দেশটির সরকার।বুধবার ও বৃহস্পতিবার মধ্যরাতে এই হামলার প্রচেষ্টা চালানো হয়েছিল বলে বৃহস্পতিবার এক বিবৃতিতে জানানো হয়েছে।বিবৃতিতে বলা হয়, পাকিস্তান সীমান্তবর্তী এলাকায় বেশ কিছু সামরিক স্থাপনায় হামলার উদ্দেশ্যে চালানো এই প্রচেষ্টা ভারতীয় প্রতিরক্ষা বাহিনী সফলভাবে প্রতিহত করেছে।

এর মধ্যে, ভারতের প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং বিরোধীদলীয় নেতাদের সঙ্গে বৈঠকে দাবি করেন, পাকিস্তানে পরিচালিত ‘অপারেশন সিঁদুর’-এ অন্তত ১০০ জন নিহত হয়েছেন।সেই সঙ্গে পাকিস্তানকে যুদ্ধ পরিস্থিতি বাড়িয়ে তুলতে নিষেধ করে সতর্ক বার্তাও দিয়েছেন তিনি।রাজনাথ সিং বলেন, ‘‘‘অপারেশন সিঁদুর’ এখনো চলমান।আমরা শান্তি চাই, কিন্তু যদি পাকিস্তান আবার আগ্রাসন চালায়, তাহলে ভারত পাল্টা আঘাত করতে প্রস্তুত।’

বিরোধী দলগুলো এই অভিযানের পক্ষে একাত্মতা প্রকাশ করেছে।কংগ্রেস নেতা মল্লিকার্জুন খাড়্গে বলেন, ‘‘সরকারের বক্তব্য শুনেছি।কিছু বিষয় গোপন রাখতে বলেছে, আমরা বলেছি–আমরা সরকারের পাশে আছি। সর্বদলীয় এই ব্রিফিং সৌহার্দ্যপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয় বলে জানিয়েছেন সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু।তিনি বলেন, “সবাই পরিপক্বতা দেখিয়েছে এবং অহেতুক বিতর্কে যায়নি।’

ভারতীয় প্রতিরক্ষা সূত্রের দাবি, সীমান্তে সন্ত্রাসবাদ রুখতেই এই ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে এবং প্রয়োজনে আরও ব্যবস্থা নেওয়া হবে। পাকিস্তানের পক্ষ থেকে এখনো এ নিয়ে আনুষ্ঠানিক প্রতিক্রিয়া পাওয়া যায়নি।চলমান উত্তেজনার প্রেক্ষাপটে আঞ্চলিক নিরাপত্তা পরিস্থিতি নিয়ে উদ্বেগ বেড়েছে আন্তর্জাতিক মহলেও।

ভারত পাকিস্তান যুদ্ধ ক্ষেপণাস্ত্র

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 00:48

URL: https://www.timestodaybd.com/international/7758072153